দৈনিক ইনকিলাব

JAN. 1 0 2001

## শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ

বেসরকারী শিক্ষকদের ১০০% বেতন আদায়ের আন্দোলনের ফলশ্রুতিতে ৯টি শর্তের উপর সরকার শিক্ষকদের ১০% বেতন বৃদ্ধি করেছে। ৯টি শর্তের মধ্যে উল্লেখযোগ্য শর্ত হলো তৃতীয় বিভাগপ্রাপ্ত কোন প্রার্থী বেসরকারী মাদ্রাসা, স্কুল, কলেজে চাকরি পাবে না। যে শর্তকে মরণ শর্ত হিসেবে অভিহিত করেছে তৃতীয় বিভাগপ্রাপ্ত প্রার্থীগণ। তাদের মাঝে হতাশার কালো ছায়া নেমে এসেছে। অদ্যাবধি অনেক তৃতীয় বিভাগপ্রাপ্ত শিক্ষক বেসরকারী মাদ্রাসা, স্কুল, কলেজে শিক্ষক হিসেবে কাজ করে আসছেন। তাহলে কি তাদের এমপিওভুক্তি বাতিল করা হবে? বর্তমানে বাংলাদেশে এমন অনেক শিক্ষা প্রতিষ্ঠান আছে যেগুলো চার/পাঁচ বছর যাবত তৃতীয় বিভাগপ্রাপ্ত শিক্ষকগণ বিনা বেতনে পাঠদান করে আসছেন। আগামী অর্থবছরে এমপিওভুক্তি হবে সে সোনালী প্রত্যাশা নিয়ে উৎসাহ-উদ্দীপনার সাথে নিয়মিতভাবে প্রতিষ্ঠানে কাজ করে যাচ্ছেন। যারা কৃষক পরিবারের নবীন শিক্ষক তাদের ভবিষ্যৎ কোথায় দাঁড়াবে? তৃতীয় বিভাগপ্রাপ্ত প্রার্থীদের বেসরকারী প্রতিষ্ঠানে নিয়োগ দেয়া হবে না। এ ঘোষণার সাথে সাথে বর্তমানে ব্যক্তিমালিকানা প্রতিষ্ঠানের চাকরির বেলাও বিজ্ঞপ্তিতে বলা হচ্ছে তৃতীয় বিভাগ গ্রহণযোগ্য নয়। তাহলে তৃতীয় বিভাগপ্রাপ্ত প্রার্থীগণ কোথায় যাবে? না কি সে বেকারত্বের অভিশাপে ধুঁকে ধুঁকে মরবে? মাননীয় শিক্ষামন্ত্রী সমীপে বাংলার তৃতীয় বিভাগপ্রাপ্ত প্রার্থীদের পক্ষ থেকে আমার আকুল আবেদন এই যে, তৃতীয় বিভাগপ্রাপ্ত প্রার্থী কোন বেসরকারী প্রতিষ্ঠান, মাদ্রাসা, স্কুল, কলেজে নিয়োগ পাবে না। সে অমানবিক শর্ত বাতিল ঘোষণা করে শিক্ষক জাতির সম্মান অক্ষুণ্ন রাখার জন্য আপনার সহৃদয় দৃষ্টি আকর্ষণ করছি।

–মোঃ হেলাল উদ্দিন (এফ.এম),
সহঃ শিক্ষক,
দুলালকান্দি দাঃ মাদ্রাসা,
দুলালকান্দি, বেলাব, নরসিংদী।